**ফ্যামিলি কার্ড সংক্রান্ত**
**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ফ্যামিলি কার্ড কর্মসূচি
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬

তারিখ ১৩আষাঢ়, ১৪৩৩
২৮ জুলাই, ২০২৬

বিষয়: **ফ্যামিলি কার্ড খানা তথ্যভাডার এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক 'ফ্যামিলি কার্ড কর্মসূচি' বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় চলতি ২০২৬-২৭ অর্থবছরে দেশব্যাপী সকল পরিবারের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। ফ্যামিলি কার্ড কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্ভুল তথ্য সংগ্রহ করা আবশ্যক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তমোতাবেক যোগ্য তথ্য সংগ্রহকারী নির্বাচন করা প্রয়োজন।

**শর্তাবলি:**

(ক) 'ফ্যামিলি কার্ড' কর্মসূচিতে কাজ করতে আগ্রহী/উৎসাহী প্রার্থী;
(খ) শারীরিকভাবে সক্ষম (প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এ শর্ত প্রযোজ্য নয়); এবং
(গ) কম্পিউটার/ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনা করতে সক্ষম।

০২। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম. | কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ১ | আবেদনকারীর শিক্ষা সনদ এবং অন্যান্য দলিলাদি যাচাই-বাছাই | ২৯-৩০ জুলাই, ২০২৬ |
| ২ | মৌখিক পরীক্ষা | ১-৭ আগস্ট, ২০২৬ |

উল্লেখ্য, যেসকল আবেদনকারী ইতোমধ্যে আবেদন পত্র দাখিল ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন তাদের জন্য অনুচ্ছেদ-২ এর শর্ত প্রযোজ্য নয়।

০৩। নির্বাচিত তথ্য সংগ্রহকারী (Enumerator)-দের প্রশিক্ষণ ও অন্যান্য নির্দেশনা বিষয়ে পরবর্তীতে জানানো হবে।

০৪। বিষয়টি অতীব জরুরি।

M. Sque ২৮/০৭/২৬

(মোঃ সাইফুল হক)
উপসচিব
ফোন: ৯৫১১০০৫
E-mail: sss@msw.gov.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
২. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর।
৩. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার (সকল), সমাজসেবা অধিদফতর।

নম্বর- ৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩৩
২৮ জুলাই, ২০২৬

**অনুলিপি: অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (কার্যক্রম ও মুল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৮. কর্মসূচি পরিচালক (যুগ্মসচিব), ফ্যামিলি কার্ড কর্মসূচি, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।
১০. পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর।
১১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।

M. Sayful ২৮/০৭/২৬

(মোঃ সাইফুল হক)
উপসচিব